



## সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

সাভার সেনানিবাস, সাভার, ঢাকা



### ২০২০ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থী ও অভিভাবকদের প্রয়োজনীয় নির্দেশাবলী:

১। ফরম সংগ্রহ: শিক্ষার্থীরা স্কুলের ওয়েব সাইট থেকে তথ্য ফরমটি ডাউন লোড করে A4 Size Paper-এ প্রিন্ট করতে পারবে অথবা স্কুল গেট থেকে ১০, ১২ ও ১৩ আগস্ট ২০২০ তারিখসমূহে সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত তথ্য ফরমটি সংগ্রহ করতে পারবে।

২। ফরম পূরণ: শিক্ষার্থী নিজে স্পষ্টাক্ষরে ফরমটি পূরণ করবে এবং ফরমের নির্ধারিত স্থানে শিক্ষার্থী ও অভিভাবক স্বাক্ষর করবেন।

৩। ফরমের সাথে জে এস সি'র প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি জমা দিতে হবে। ছবিটি অবশ্যই স্কুল ইউনিফরমে হতে হবে এবং ছবি তোলার সময় স্পষ্ট মুখমণ্ডল যেমন মুখ, চোখ, নাক, কান ও গলা সমভাবে দৃশ্যমান হতে হবে।

৪। ফরম জমা দেয়ার তারিখ ও সময় :

ক। পূরণকৃত তথ্য ফরমটি ১৩ ও ১৬ আগস্ট ২০২০ তারিখে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত স্কুলে এসে সামাজিক দূরত্ব বজায় রেখে জমা দিবে।

খ। ছাত্রীরা সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এবং ছাত্রীরা দুপুর ১২ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত পূরণকৃত তথ্য ফরমটি জমা দিবে।

গ। পলাশ, দোয়েল, বংশি ও শাপলা শাখার ফরম ১ নং অভিভাবক শেডে এবং জিনিয়া শাখার ফরম মেইন গেটে জমা দিবে।

৫। ফাইনাল ফরমে শিক্ষার্থীর স্বাক্ষর এবং ফরম পূরণ বাবদ ফি'র পে- স্লিপ সংগ্রহ:

ক। পলাশ, দোয়েল ও বংশি শাখার শিক্ষার্থীরা নিম্নবর্ণিত স্থানে ২৬ আগস্ট ২০২০ সকাল ৯ টা থেকে দুপুর ২ টার মধ্যে স্কুলে উপস্থিত থাকবে।

- (১) পলাশ শাখার শিক্ষার্থীরা ১ নং অভিভাবক শেডে,
- (২) দোয়েল শাখার শিক্ষার্থীরা ২ নং অভিভাবক শেডে এবং
- (৩) বংশি শাখার শিক্ষার্থীরা হল রুমে উপস্থিত থাকবে।

খ। শাপলা ও জিনিয়া শাখার শিক্ষার্থীরা নিম্নবর্ণিত স্থানে ২৭ আগস্ট ২০২০ সকাল ৯ টা থেকে দুপুর ২ টার মধ্যে স্কুলে উপস্থিত থাকবে।

- (১) শাপলা শাখার শিক্ষার্থীরা ২ নং অভিভাবক শেডে এবং
- (২) জিনিয়া শাখার শিক্ষার্থীরা হল রুমে উপস্থিত থাকবে।

৬। রেজিস্ট্রেশনের ফরম পূরণ বাবদ ফি জমা দেয়ার তারিখ:

ক। রেজিস্ট্রেশনের ফরম পূরণ বাবদ ফি ৩১ আগস্ট ২০২০ নিম্নবর্ণিত সময়ে জমা দিবে।

খ। পলাশ, দোয়েল ও বংশি শাখা সকাল ১০ টা থেকে দুপুর ১২ টার মধ্যে এবং শাপলা ও জিনিয়া শাখা দুপুর ১২ টা থেকে দুপুর ২ টার মধ্যে।

স্বাক্ষরিত

উপাধ্যক্ষ (স্কুল শাখা)

সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ